সংবাদ

তারিখ ... SEP 07 2006
পৃষ্ঠা ১ কলাম ২ .....

# এইচএসসি'র ফল প্রকাশ আজ

**জস্ব বার্তা পরিবেশক**

াজ বৃহস্পতিবার ৯ শিক্ষা বোর্ডের চলতি ছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ল প্রকাশ করা হবে। মাধ্যমিক ও উচ্চ াধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, রাজশাহী, মিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল ও লেটের এইচএসসি, বাংলাদেশ মাদ্রাসা ক্ষা বোর্ডের আলিম, ফাজিল ও কামিল; ংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং কা শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা া বিজনেস স্টাডিজ/ ডিপ্লোমা ইন মার্সের পরীক্ষার ফলাফল নিজ নিজ ন্দ্র থেকে একযোগে প্রকাশ করা হবে। ীক্ষার্থীরা নিজ নিজ প্রতিষ্ঠান ও কেন্দ্র কে বিকেল ৪টায় এইচএসসি'র ফলাফল গ্রহ করতে পারবে। সেইসঙ্গে য়বসাইট ও মোবাইল ফোনে াএমএসের মাধ্যমেও পরীক্ষার ফলাফল গ্রহ করা যাবে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড া, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, াল ও

**ফল** : পৃ : ১১ ক : ৭

## ফল : প্রকাশ

(১ম পৃষ্ঠার পর)

সিলেট এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের ঠিকানা : www.educationboard.gov.bd এবং কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের ঠিকানা : http://result.bteb.gov.bd।

গ্রামীণ, একটেল, সিটিসেল এবং টেলিটক মোবাইল ফোনের গ্রাহকরা মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে এইচএসসি ও আলিম পরীক্ষার ফলাফল জানতে RES লিখে একটা স্পেস দিয়ে সংশ্লিষ্ট বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে (যেমন Dhaka- DHA) আরও একটি স্পেস দিয়ে রোল নম্বর টাইপ করে ২৭৭৭ নম্বরে এসএমএস করতে হবে। বাংলালিংক মোবাইল ফোনের গ্রাহকদের পরীক্ষার ফলাফল জানতে একই পদ্ধতি অনুসরণ করে ৪৫৬ নম্বরে এসএমএস করতে হবে।

উল্লেখ্য, গত ১৩ মে শুরু হয়ে ১ জুলাই শেষ হয় চলতি বছরের এইচএসসি পরীক্ষা। ৯০ দিনের মধ্যে পরীক্ষার ফল ঘোষণার নিয়ম থাকলেও এবার ৬৯ দিনের মধ্যেই প্রকাশিত হচ্ছে।

সাত বোর্ডে এবার এইচএসসি পরীক্ষায় মোট ৪ লাখ ১৮ হাজার ৮৬৯ জন পরীক্ষার্থী অংশ নিয়েছে। বিভিন্ন শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, ঢাকা শিক্ষা বোর্ডে এবার পরীক্ষার্থী সংখ্যা ১ লাখ ৩৩ হাজার ৫২৬ জন। সেইসঙ্গে রাজশাহী শিক্ষা বোর্ডে ৯৮ হাজার ৯৪২ জন, কুমিল্লা শিক্ষা বোর্ডে ৪৩ হাজার ২৬১ জন, যশোর শিক্ষা বোর্ডে ৬৬ হাজার ৭৫০ জন, চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ৩১ হাজার ৯০৫ জন, বরিশাল শিক্ষা বোর্ডে ২৫ হাজার ৬১৮ জন এবং সিলেট শিক্ষা বোর্ডে ১৮ হাজার ৮৬৭ জন পরীক্ষার্থী এ বছর এইসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছর আলিম পরীক্ষায় ৪৮ হাজার ৫২ জন, ফাজিলে ১৮ হাজার ৮৪৯ জন এবং কামিল পরীক্ষায় অংশ নিয়েছে ৮ হাজার ২৫০ জন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ২৩ হাজার ৬৬০।